দৈনিক ইনকিলাব

তারিখ 11 FEB 1992
পৃষ্ঠা ... 7 ... কলাম ... ৬.

13

# শিক্ষক ধর্মঘট ঃ দাবীর সমর্থনে সারাদেশে সভা-সমাবেশ

॥ স্টাফ রিপোর্টার ॥

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের অবিরাম ধর্মঘটের কর্মসূচীর অংশ হিসেবে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন এবং বাংলাদেশ শিক্ষক ঐক্য পরিষদের যৌথ উদ্যোগে গতকাল সকালে জাতীয় প্রেস ক্লাবের সামনে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশ শেষে বেলা সাড়ে ১২টা থেকে বেলা ২টা ৩০ মিনিট পর্যন্ত শিক্ষকরা শিক্ষা ভবনের সামনে অবস্থান ধর্মঘট পালন করেন। কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি ঘোষিত কর্মসূচীর অংশ হিসেবে গতকাল দেশের সকল জেলায় শিক্ষকদের অবস্থান ধর্মঘট সমাবেশ অনুষ্ঠিত হয় এবং সমাবেশ শেষে জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি পেশ করা হয়।

গতকাল জাতীয় প্রেস ক্লাবের সামনে বৃহত্তর ঢাকা জেলার শিক্ষক সমাবেশ কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির অন্যতম সদস্য বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ মঃ আখতারুজ্জামানের

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## শিক্ষক ধর্মঘট

প্রথম পৃষ্ঠার পর

সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সমাবেশে নেতৃবৃন্দ শিক্ষকদেরকে ধর্মঘটে রেখে সরকারী কর্মকর্তা কর্মচারী দ্বারা দেশের গুরুত্বপূর্ণ ডিগ্রী পরীক্ষা নেয়ার ফলে পরীক্ষা সংক্রান্ত নিয়ম-কানুনের চরম অবনতি, সর্বোপরি বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পর্যায়ের পরীক্ষার মানের যে দুঃখজনক অবক্ষয় এবং পুনরায় ব্যাপক গণ-টোকাটুকির পরিস্থিতির সৃষ্টি হয়েছে তাতে গভীর ক্ষোভ ও তীব্র নিন্দা জ্ঞাপন করেছেন।

বিবৃতিতে নেতৃবৃন্দ কোনরূপ অপপ্রচারে বিভ্রান্ত না হয়ে লিয়াজোঁ কমিটির ঘোষিত কর্মসূচী অনুযায়ী অব্যাহতভাবে জোরদার আন্দোলনে নিয়োজিত থাকার আহবান জানান। সমাবেশে বক্তব্য রাখেন সর্বজনাব শেখ আমানুল্লাহ, প্রিন্সিপাল এ কে এম শহীদুল্লাহ, মোঃ বদর উদ্দীন হাওলাদার, হাবিবুর রহমান, অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম, অধ্যাপক কাজী ফারুক আহমেদ, অধ্যাপক আসাদুল হক, আজিজুল হক শাহ, অধ্যাপিকা এ এন, রাশেদা, চৌধুরী খোরশেদ আলম, আবু বকর সিদ্দিক, প্রমুখ নেতৃবৃন্দ। সমাবেশে শেখ আমান উল্লাহ বলেছেন, সরকার শিক্ষকদের দাবী পূরণের বিষয়ে বর্তমান মনোভাব অব্যাহত রাখলে প্রয়োজনে শিক্ষকরা এইচএসসি পরীক্ষার ফরম পূরণ এবং এসএসসি পরীক্ষা গ্রহণ থেকে বিরত থাকবে।

তিনি বলেন, অবস্থার প্রেক্ষিতে শিক্ষকরা ডিগ্রী পরীক্ষার খাতা দেখা থেকে বিরত থাকবে। বাংলাদেশ শিক্ষক সমিতির পূর্ব ঘোষিত আজকের সমাবেশকে সার্থক ও সাফল্যমণ্ডিত করার জন্যে গতকাল ঢাকার স্টাফ ওয়েলফেয়ার হাই স্কুলে শিক্ষকদের এবং মুন্সিগঞ্জে শিক্ষক কর্মচারীদের পৃথক পৃথক সভা অনুষ্ঠিত হয়। উভয় সভায় জনাব নজরুল ইসলাম শিক্ষক কর্মচারীদের চাকুরী জাতীয়করণ না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার জন্যে সংশ্লিষ্টদের প্রতি আহবান জানিয়েছেন। উভয় সভায় বক্তব্য রাখেন সমিতির সভাপতি জনাব এস এম আশরাফ আলী ও অন্যান্য নেতৃবৃন্দ।